

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা),  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.০৫৯.২৩.৫১৪

বিষয়: “তৈরী পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ  
ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১৩৫৪ তারিখঃ ০৫/১১/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিঃ, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-১১২৫, জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ নামক কারখানাটি “তৈরী পোশাক (নীট ও ওভেন)” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ:-০০০৮৩০-২১, তারিখ-২১-০৯-২০২১ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং- MHF(2023)053 Date : 22/10/23, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- 232643509 Date: 31/10/23 খ্রিঃ। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খলাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ হোল্ডিং নং-১১২৫, জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।



০৮-১১-২০২৩  
রাজু আহমেদ  
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।

২৪.০২.০০০০.০০০.১৮.০৫৯.২৩.৫১৪/১  
স্মারক নম্বর: (৫)

২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, এসলাইট গার্মেন্টস (বাংলাদেশ) কোং লিঃ, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-১১২৫, জামিরদিয়া, হবিরবাড়ী, ভালুকা, ময়মনসিংহ;
- ৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা এবং
- ৫। সহকারী মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।



০৮-১১-২০২৩  
মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক